

দ্বিপক্ষীয় সমঝোতা স্মারক

প্রথম পক্ষ

নগর উন্নয়ন অধিদপ্তর (আরবান ডেভেলপমেন্ট ডিরেক্টরেট), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার,
৮২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

দ্বিতীয় পক্ষ

পারটিসিপেটরী ডেভেলপমেন্ট একশন প্রোগ্রাম (পিডাপ), বাড়ী-৮, এভিনিউ-৪, ব্লক-সি, সেকশন-৬, মিরপুর, ঢাকা-১২১৬।

১. সমঝোতা স্মারক স্বাক্ষরের উদ্দেশ্যঃ

নগর উন্নয়ন অধিদপ্তর দেশের সুখম ও পরিকল্পিত উন্নয়নের লক্ষ্যে নগর পরিকল্পনা প্রণয়ন করে থাকে। নগর উন্নয়ন অধিদপ্তর উক্ত বিষয়ের উপর তাত্ত্বিক জ্ঞানকে বাস্তবে প্রয়োগ করে। অন্যদিকে পারটিসিপেটরী ডেভেলপমেন্ট একশন প্রোগ্রাম, প্রতিনিধি, হোয়ায়রো কমিশন (ইউ, এস এ) দরিদ্র জনগোষ্ঠীদের নিয়ে বিশেষ করে মহিলা, কিশোরী ও শিশুদের শিক্ষা, স্বাস্থ্যসেবা, দক্ষতা বৃদ্ধি মূলক প্রশিক্ষণ ও বিভিন্ন ইস্যু ভিত্তিক সচেতনতা বৃদ্ধিমূলক কাজ করে থাকে। এমতাবস্থায়, উভয়ের মধ্যে সমন্বয় সাধন ও পারস্পারিক তথ্য /উপাত্তের সহজগম্যতা প্রতিষ্ঠা করা প্রয়োজন। এ লক্ষ্যে, নগর ও গ্রামীণ জনগোষ্ঠীর সুখম উন্নয়ন সাধনে উন্নয়ন পরিকল্পনায় জনগনের সমস্যা সমূহকে প্রাধান্য দিয়ে নগর উন্নয়ন অধিদপ্তর ও পিডাপ যৌথভাবে কাজ করাই এ সমঝোতা স্মারকের উদ্দেশ্য।

২. সমঝোতা স্মারকের আলোকে কার্যক্রম বাস্তবায়ন কৌশলঃ

নগর উন্নয়ন অধিদপ্তর এবং পারটিসিপেটরী ডেভেলপমেন্ট একশন প্রোগ্রাম উভয় দপ্তর/সংস্থার কার্যক্রম সম্পাদনে আলোচনার ভিত্তিতে পরস্পরকে সহযোগিতা প্রদান করা।

৩. সমঝোতা স্মারকের মেয়াদ কালঃ

এই সমঝোতা স্মারকের মেয়াদ হবে ২০১৭ থেকে ২০১৮ পর্যন্ত। তবে পারস্পারিক আলোচনা ও লিখিত সিদ্ধান্তের ভিত্তিতে উক্ত সময় বাড়ানো/কমানো যাবে, অন্যথায় চলমান বা বন্ধ করা যাবে। তবে বন্ধ করার ক্ষেত্রে ১ মাস পূর্বে লিখিত নোটিশের মাধ্যমে পরস্পরকে জ্ঞাত করতে হবে।

৪. নগর উন্নয়ন অধিদপ্তরের দায়িত্ব সমূহঃ

ক) ভূমি ও পরিবেশের যথাযথ মিথক্রীয়া সাধনের লক্ষ্যে দুর্যোগ, জলবায়ু পরিবর্তন সহ SDG, Sendai Frame Work, Habitat-III তথা বিভিন্ন ইস্যু ভিত্তিক বিষয় সমূহ অর্ন্তভুক্তির মাধ্যমে ভূমি ব্যবহার পরিকল্পনায় কার্যক্রম গ্রহন করবে এবং বাস্তব জ্ঞান সংশ্লিষ্ট Sectoral Agency কে চাহিদার ভিত্তিতে সরবরাহ করবে।

খ) নগর উন্নয়ন বিষয়ে গবেষণা পরিচালনা সহ এর ফলাফল উন্নয়ন পরিকল্পনায় প্রয়োগের মাধ্যমে নতুন কলা কৌশল উদ্ভাবনে কাজ করবে।


গ) Stakeholder গনের সমন্বয়ে বিভিন্ন বিষয়ে সেমিনার ও ওয়ার্কশপের আয়োজন করবে।

ঘ) নগরায়ন ও মানব বসতি সংক্রান্ত গবেষণালব্ধ বিষয়ে প্রকাশনা প্রকাশ করবে।

৫. পারটিসিপেটরী ডেভেলপমেন্ট একশন প্রোগ্রাম(পিডাপ) এর দায়িত্ব সমূহঃ


- ক) পারস্পারিক আলোচনার ভিত্তিতে যৌথভাবে সভা, সেমিনার, ওয়ার্কশপ ইত্যাদির আয়োজন করবে।
খ) জন অংশগ্রহন মূলক পরিকল্পনা পদ্ধতির উন্নয়নে নগর উন্নয়ন অধিদপ্তরের সাথে আলোচনার মাধ্যমে একসাথে কাজ করবে।
গ) দরিদ্র জনগোষ্ঠীর বিভিন্ন উন্নয়ন মূলক কাজে যৌথভাবে উদ্যোগ নেওয়া হবে।
ঘ) পারস্পারিক আলোচনার ভিত্তিতে যৌথভাবে গবেষণা সম্পন্ন করা ও প্রয়োজনে প্রচারের সহায়তা করবে।
৬. যে সকল বিষয় অন্তর্ভুক্ত হয়নি তাহা পারস্পারিক আলোচনার ভিত্তিতে নির্ধারণ করা হবে।
৭. উপরে উল্লেখিত বিষয়গুলো সম্পাদনে আর্থিক বিষয় বিবেচ্য নহে। এই ক্ষেত্রে স্ব স্ব সংস্থা নিজ নিজ ব্যয়ভার বহন করবে।

স্বাক্ষর



24.07.2017

ড. খুরশীদ জাহিন হোসেন জৌফিক
পরিচালক
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।


স্বাক্ষর


24.07.2017
কাজী বেবী
নির্বাহী পরিচালক
পারটিসিপেটরী ডেভেলপমেন্ট এ্যাকশন
প্রোগ্রাম(পিডাপ), ঢাকা।

স্বাক্ষর


24/07/17
আহমেদ আখতারুজ্জামান
উপ-পরিচালক(গবেষণা ও সমন্বয়) অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত
নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্বাক্ষর


24/07/17
সালমা খাতুন
একাউন্টস অফিসার
পারটিসিপেটরী ডেভেলপমেন্ট এ্যাকশন
প্রোগ্রাম(পিডাপ), ঢাকা।